কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

## কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা ১০০০।

**প্রকল্প পরিচালকের কার্যালয়**

(বিএডিসি'র সবজি বীজ বিভাগের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে হাইব্রিড সবজি বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিতরণ কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প)

স্মারক নং ১২.০৬.০০০০.২৮১/১.১৪.০৬.২৪. ২৪০ | তারিখ-১৬ অক্টোবর ২০২৫।

বরাবর
১। যুগ্ম পরিচালক (উদ্যান)
......................, বিএডিসি, .................. ।
২। উপপরিচালক (সবজি বীজ/এএসসি/উদ্যান)
......................, বিএডিসি,.................. ।

বিষয়ঃ- ২০২৫-২৬ উৎপাদন বর্ষে হাইব্রিড সবজি বীজ উৎপাদন কর্মসূচি জারি।

"বিএডিসি'র সবজি বীজ বিভাগের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে হাইব্রিড সবজি বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বিতরণ কার্যক্রম শক্তিশালীকরণ' প্রকল্পের নিজস্ব আয়ের মাধ্যমে সংস্থার ২টি সবজি বীজ উৎপাদন খামার ও ক: গ্রো: জোন, ৫ টি উদ্যান উন্নয়ন কেন্দ্র, ৫টি এগ্রো সার্ভিস সেন্টারে ২০২৫-২৬ সালে সর্বমোট ৩৮.৫০ একর জমিতে ১২৭৫.০০০ কেজি বিভিন্ন জাতের হাইব্রিড সবজি বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা জারি করা হলো। খামার/কেন্দ্র/সেন্টারওয়ারী হাইব্রিড সবজি বীজের সংশোধিত উৎপাদন কার্যক্রমের বিভাজন পরিশিষ্ট 'ক' তে প্রদান করা হলো। হাইবিড সবজি বীজ উৎপাদনের জন্য ফসল ও জাতওয়ারী বপন ও রোপনকাল পরিশিষ্ট 'খ' তে প্রদান করা হলো।

**সংশ্লিষ্ট খামার/কেন্দ্র/সেন্টার প্রধানকে স্ব-স্ব খামারের হাইব্রিড সবজি বীজ উৎপাদন কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহন করতে হবেঃ**

ক) উপপরিচালক (সবজি বীজ), সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি, গাবতলী, মিরপুর, ঢাকা দপ্তর থেকে খামার/ক:গ্রো:/কেন্দ্র/সেন্টারের জন্য বরাদ্ধকৃত প্রয়োজনীয় প্যারেন্টাল লাইন সংগ্রহ নিশ্চিত করবেন ।

খ) হাইব্রিড সবজি বীজ উৎপাদনের জন্য পর্যাপ্ত সেচ সুবিধা সহ পর্যাপ্ত জৈব সার প্রয়োগ ও মাটি শোধনের ব্যবস্থা নিতে হবে।

গ) বীজ হতে প্যারেন্টাল লাইনের চারা উৎপাদনের সময় আবশ্যিকভাবে ৬০ মেস নেটের মধ্যে সুরক্ষিত বীজতলা বা পলিব্যাগে চারা উৎপাদন করতে হবে যাতে মূল জমিতে চারা রোপনের পর ভাইরাস আক্রান্ত হলেও বীজের ক্ষতি সাধন না হয়।

পলিব্যাগ/ট্রেতে ব্যবহৃত মাটি তৈরিঃ

১) ৫০% মাটি ও ৫০% কম্পোষ্ট মিশ্রিত করে ৭ দিন পলিথিন দিয়ে ঢেকে রাখতে হবে। ৭ দিন পর পলিথিন সরিয়ে পরবর্তী ৩ দিন উন্মুক্ত অবস্থায় রেখে দিতে হবে। এর পর উক্ত মাটি পলিব্যাগে/ট্রেতে ভরে বীজ বপন করতে হবে। পলিব্যাগের নীচে ১ টি ছিদ্র রাখতে হবে যেন অতিরিক্ত পানি বের হয়ে যেতে পারে।

**অথবা,**

২) বালিঃ কম্পোষ্টঃ ধানের পোড়া তুষ = ২ : ৫ : ১ অনুপাতে মিশ্রিত করে উক্ত মিশ্রন পলিব্যাগ/ট্রেতে ভরে বীজ বপন করা যায়।

**অথবা,**

৩) নারিকেলের ছোবড়া তিন ঘন্টা পানিতে ভিজিয়ে পরিস্কার পানিতে ধুয়ে নিতে হবে তারপর রোদ্রে ভালমত শুকালে কোকোডাস্ট ব্যবহার উপযোগী হবে। ৫০% কোকোডাস্ট ও ৫০% জৈব সার/ কম্পোস্ট/ভার্মিকম্পোষ্ট মিশ্রিত করে ৩ দিন রেখে দিতে হবে। ৩ দিন পর উক্ত মিশ্রন পলিব্যাগ/ ট্রেতে ভরে বীজ বপন করতে হবে।

ঘ) অঙ্গজ বৃদ্ধির পর্যায়ে সরবরাহকৃত বিএআরআই উদ্ভাবিত হাইব্রিড সবজি বীজ উৎপাদন নির্দেশিকাতে উল্লিখিত প্যারেন্টাল লাইনের যে বৈশিষ্ট্যাবলী আছে তা দেখে রোগিং সম্পন্ন করতে হবে।

ঙ) কুমড়া ফসলের ক্ষেত্রে মাঠে পর্যাপ্ত আলোর ফাঁদ, বিষ টোপ ও স্টিকি পেপার দিতে হবে।

চ) হাইব্রিড সবজি বীজ উৎপাদনের যে কোন পর্যায়ে কোন ধরণের সমস্যা দেখা দিলে সাথে সাথে বিএআরআই এর বিশেষজ্ঞ/প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করতে হবে।

ছ) হাইব্রিড সবজি বীজ উৎপাদনের বিভিন্ন পর্যায়ে বিএআরআই এর বিশেষজ্ঞ দল খামার/ক:গ্রো:/কেন্দ্র/সেন্টার পরিদর্শন করবেন।

জ) হাইব্রিড সবজি বীজ উৎপাদনের যাবতীয় তথ্যাবলী সহ আকর্ষনীয় সাইনবোর্ড স্থাপন নিশ্চিত করতে হবে।

ঝ) খামার/কেন্দ্র/সেন্টারে উৎপাদিত হাইব্রিড সবজি বীজ সংগ্রহের পর সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে খামার/কেন্দ্র/সেন্টারওয়ারী বীজ সংরক্ষণ করা হবে এবং বিতরণের সময় প্যাকেটের গায়ে উৎপাদনকারী খামার/ক:গ্রো:/কেন্দ্র/সেন্টারের নাম উল্লেখ থাকবে।

অপৃ:দ্রঃ

ঞ) বিভিন্ন খামার/ক:গ্রো:/কেন্দ্র/সেন্টারে উৎপাদিত হাইব্রিড সবজি বীজ দ্বারা পরবর্তী বছর গ্রো-আউট টেষ্ট সম্পন্ন করা হবে।

ট) হাইব্রিড সবজি বীজ উৎপাদন কার্যক্রম সংশ্লিষ্ট খামার/কেন্দ্র/সেন্টার প্রধানগণ ব্যক্তিগতভাবে তত্ত্বাবধান করবেন এবং প্রতি সপ্তাহে যুগ্মপরিচলক (সবজি বীজ) কে লিখিত/টেলিফোনিক মাধ্যমে প্রতিবেদন প্রেরণ করবেন।

ঠ) যুগ্মপরিচালক (সবজি বীজ) এর সার্বিক তত্ত্বাবধানে সামগ্রিক কর্মসূচি বাস্তবায়িত হবে।

ড) সংশ্লিষ্ট সকলকে দেশের স্বার্থে নিষ্ঠা, একাগ্রতা ও সততার সাথে এ কর্মসূচি বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

(মো. আবীর হোসেন)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে) ঃ-

১। উপ পরিচালক (সবজি বীজ) মিরপুর, বিএডিসি, গাবতলী, ঢাকা। প্রয়োজনীয় প্যারেন্টাল লাইনের বীজ সংগ্রহ করে সংশ্লিষ্ট খামারে যথাসময়ে সরবরাহ নিশ্চিত করবেন।
২। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) ঃ-

১। মহাব্যবস্থাপক (বীজ/এএসসি/উদ্যান), বিএডিসি, ঢাকা।
২। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

(মেছবাহউদ্দিন আহমেদ)
যুগ্মপরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি, ঢাকা।
ইমেইল: jdvegbadc@gmail.com

# ২০২৫-২৬ উৎপাদন বর্ষে হাইব্রিড সবজি বীজ  উৎপাদন লক্ষ্যমাত্রা

পরিশিষ্ট 'ক'

| ক্র নং | সবজি বীজ উৎপাদন খামার/ উদ্যান উন্নয়ন কেন্দ্র/এএসসি এর নাম | বারি হাইব্রিড টমেটো-৮ | | | | বারি হাইব্রিড মিষ্টিকুমড়া-১ | | | | বারি হাইব্রিড মিষ্টিকুমড়া-২ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জমি (একর) | বরাদ্দকৃত বীজের পরিমাণ (গ্রাম) | | বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (কেজি) | জমি (একর) | বরাদ্দকৃত বীজের পরিমাণ (গ্রাম) | | বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (কেজি) | জমি (একর) | বরাদ্দকৃত বীজের পরিমাণ (গ্রাম) | | বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (কেজি) |
| | | | পিতৃ লাইন | মাতৃ লাইন | | | পিতৃ লাইন | মাতৃ লাইন | | | পিতৃ লাইন | মাতৃ লাইন | |
| ১ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, কাশিমপুর, গাজীপুর | ৪.০০ | ৩২ | ১৬০ | ১০০ | | | | | ৩.০০ | ৬০ | ১৮০ | ১২০ |
| ২ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, রাজশাহী | ১.০০ | ৮ | ৪০ | ২৫ | | | | | | | | |
| ৩ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, বগুড়া | ০.৭৫ | ৬ | ৩০ | ১৮.৭৫০ | | | | | | | | |
| ৪ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, কুষ্টিয়া | ১.০০ | ৮ | ৪০ | ২৫ | | | | | | | | |
| ৫ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, কুমিল্লা | ১.৫০ | ১২ | ৬০ | ৩৭.৫০০ | | | | | | | | |
| মোট উদ্যান | | ৮.২৫ | ৬৬ | ৩৩০ | ২০৬.২৫০ | ০ | ০ | ০ | ০ | ৩.০০ | ৬০ | ১৮০ | ১২০ |
| ৬ | এগ্রো সার্ভিস সেন্টার, দিনাজপুর | | | | | | | | | ১.০০ | ২০ | ৬০ | ৪০ |
| ৭ | এগ্রো সার্ভিস সেন্টার, লামা | ১.০০ | ৮ | ৪০ | ২৫ | | | | | | | | |
| ৮ | এগ্রো সার্ভিস সেন্টার, জামালপুর | ০.৫০ | ৪ | ২০ | ১২.৫০০ | | | | | | | | |
| ৯ | এগ্রো সার্ভিস সেন্টার, খুলনা | ১.০০ | ৮ | ৪০ | ২৫ | | | | | | | | |
| ১০ | এগ্রো সার্ভিস সেন্টার, বান্দরবান | ১.০০ | ৮ | ৪০ | ২৫ | | | | | | | | |
| মোট এএসসি | | ৩.৫০ | ২৮ | ১৪০ | ৮৭.৫০০ | ০ | ০ | ০ | ০ | ১.০০ | ২০ | ৬০ | ৪০ |
| ১১ | সবজি বীজ উৎপাদন খামার, রংপুর | ১.০০ | ৮ | ৪০ | ২৫ | ৩.০০ | ৬০ | ১৮০ | ১২০ | ৩.০০ | ৬০ | ১৮০ | ১২০ |
| ১২ | সবজি বীজ উৎপাদন খামার, মেহেরপুর | ২.২৫ | ১৮ | ৯০ | ৫৬.২৫০ | | | | | | | | |
| ১৩ | সবজি বীজ ক:গ্রো: জোন, রংপুর | | | | | | | | | ৮.০০ | ১৬০ | ৪৮০ | ৩২০ |
| মোট সবজি বীজ খামার ও ক: গ্রো: জোন | | ৩.২৫ | ২৬ | ১৩০ | ৮১.২৫ | ৩.০০ | ৬০ | ১৮০ | ১২০ | ১১.০০ | ২২০ | ৬৬০ | ৪৪০ |
| সর্বমোট | | ১৫.০০ | ১২০ | ৬০০ | ৩৭৫.০০০ | ৩.০০ | ৬০ | ১৮০ | ১২০ | ১৫.০০ | ৩০০ | ৯০০ | ৬০০ |

মীর সাঈদা আক্তার সীমা
সিনিয়র সহকারী পরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি, ঢাকা

মেছবাহউদ্দিন আহমেদ
যুগ্মপরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি, ঢাকা

মো. আবীর হোসেন
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা

| ক্র নং | সবজি বীজ উৎপাদন খামার/ উদ্যান উন্নয়ন কেন্দ্র/এএসসি এর নাম | বারি হাইব্রিড মিষ্টিকুমড়া-৩ | | | | বারি হাইব্রিড করলা-২ | | | | বারি হাইব্রিড করলা-৩ | | | | মোট | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জমি (একর) | বরাদ্দকৃত বীজের পরিমাণ (গ্রাম) | | বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (কেজি) | জমি (একর) | বরাদ্দকৃত বীজের পরিমাণ (গ্রাম) | | বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (কেজি) | জমি একর) | বরাদ্দকৃত বীজের পরিমাণ (গ্রাম) | | বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (কেজি) | জমি (একর) | বরাদ্দকৃত বীজের পরিমাণ (গ্রাম) | | বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা (কেজি) |
| | | | পিতৃ লাইন | মাতৃ লাইন | | | পিতৃ লাইন | মাতৃ লাইন | | | পিতৃ লাইন | মাতৃ লাইন | | | পিতৃ লাইন | মাতৃ লাইন | |
| ১ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, কাশিমপুর, গাজীপুর | ১.৫০ | ৩০ | ৯০ | ৬০ | ০.৫০ | ৪৭.৫০ | ১৩৪ | ১৫ | ১.৫০ | ১৪৩ | ৪০২ | ৪৫ | ১০.৫০ | ৩১২.০০ | ৯৬৬.০০ | ৩৪০.০০০ |
| ২ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, রাজশাহী | | | | | | | | | | | | | ১.০০ | ৮.০০ | ৪০.০০ | ২৫.০০০ |
| ৩ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, বগুড়া | | | | | | | | | | | | | ০.৭৫ | ৬.০০ | ৩০.০০ | ১৮.৭৫০ |
| ৪ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, কুষ্টিয়া | | | | | | | | | | | | | ১.০০ | ৮.০০ | ৪০.০০ | ২৫.০০০ |
| ৫ | উদ্যান উন্নয়ন কেন্দ্র, কুমিল্লা | | | | | | | | | | | | | ১.৫০ | ১২.০০ | ৬০.০০ | ৩৭.৫০০ |
| মোট উদ্যান | | ১.৫০ | ৩০ | ৯০ | ৬০ | ০.৫০ | ৪৭.৫০ | ১৩৪ | ১৫ | ১.৫ | ১৪২.৫ | ৪০২ | ৪৫ | ১৪.৭৫ | ৩৪৬.০০ | ১১৩৬.০০ | ৪৪৬.২৫০ |
| ৬ | এগ্রো সার্ভিস সেন্টার, দিনাজপুর | | | | | | | | | | | | | ১.০০ | ২০.০০ | ৬০.০০ | ৪০.০০০ |
| ৭ | এগ্রো সার্ভিস সেন্টার, লামা | | | | | | | | | | | | | ১.০০ | ৮.০০ | ৪০.০০ | ২৫.০০০ |
| ৮ | এগ্রো সার্ভিস সেন্টার, জামালপুর | | | | | | | | | | | | | ০.৫০ | ৪.০০ | ২০.০০ | ১২.৫০০ |
| ৯ | এগ্রো সার্ভিস সেন্টার, খুলনা | | | | | | | | | | | | | ১.০০ | ৮.০০ | ৪০.০০ | ২৫.০০০ |
| ১০ | এগ্রো সার্ভিস সেন্টার, বান্দরবান | | | | | | | | | | | | | ১.০০ | ৮.০০ | ৪০.০০ | ২৫.০০০ |
| মোট এএসসি | | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৪.৫০ | ৪৮.০০ | ২০০.০০ | ১২৭.৫০০ |
| ১১ | সবজি বীজ উৎপাদন খামার, রংপুর | | | | | | | | | ২.০০ | ১৯০ | ৫৩৬ | ৬০ | ৯.০০ | ৩১৮.০০ | ৯৩৬.০০ | ৩২৫.০০০ |
| ১২ | সবজি বীজ উৎপাদন খামার, মেহেরপুর | | | | | | | | | | | | | ২.২৫ | ১৮.০০ | ৯০.০০ | ৫৬.২৫০ |
| ১৩ | সবজি বীজ ক:গ্রো: জোন, রংপুর | | | | | | | | | | | | | ৮.০০ | ১৬০.০০ | ৪৮০.০০ | ৩২০.০০০ |
| মোট সবজি বীজ খামার ও ক: গ্রো: জোন | | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০ | ০ | ২.০০ | ১৯০ | ৫৩৬ | ৬০ | ১৯.২৫ | ৪৯৬.০০ | ১৫০৬.০০ | ৭০১.২৫ |
| সর্বমোট | | ১.৫০ | ৩০ | ৯০ | ৬০ | ০.৫০ | ৪৭.৫০ | ১৩৪ | ১৫ | ৩.৫০ | ৩৩২.৫ | ৯৩৮ | ১০৫ | ৩৮.৫০ | ৮৯০.০০ | ২৮৪২.০০ | ১২৭৫.০০০ |

মীর সাঈদা আক্তার সীমা
সিনিয়র সহকারী পরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি, ঢাকা

মেছবাহউদ্দিন আহমেদ
যুগ্মপরিচালক (সবজি বীজ)
সবজি বীজ বিভাগ
বিএডিসি, ঢাকা

মো. আবীর হোসেন
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা